



RASHTRIYA KARMACHARI SEVA BHARATI (RKSB)

Office: 63/8, Bhattanagar, Howrah-711203, West Bengal

Email: president.rskb@gmail.com | Website: www.rksb.in

"राष्ट्राय स्वाहा, इदं न मम" (Rashtraya Swaha, Idam Na Mama)

স্মারক সংখ্যা: RKSB/2026/MUN-04

তারিখ: ১৩ জুন, ২০২৬

প্রতি,

১। মাননীয় পৌরপ্রধান

রাজপুর সোনারপুর পৌরসভা

রাজপুর, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ।

২। মাননীয় কার্যনির্বাহী আধিকারিক

রাজপুর সোনারপুর পৌরসভা

রাজপুর, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ।

বিষয়: 'রাষ্ট্রীয় কর্মচারী সেবা ভারতী' (RKSB)-এর বিশেষ আলোচনা ও প্রশিক্ষণ শিবিরের জন্য 'জয় হিন্দ অভিটোরিয়াম' বরাদ্দকরণের আবেদন।

মাননীয় মহাশয়,

সবিনয় নিবেদন এই যে, 'রাষ্ট্রীয় কর্মচারী সেবা ভারতী' (RKSB)-এর পক্ষ থেকে আগামী ২৮শে জুন, ২০২৬ তারিখে সকাল ১১টা থেকে একটি রাজ্যভিত্তিক সাংগঠনিক আলোচনা ও কর্মচারী প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে।

এই বিশেষ সমাগমে পশ্চিমবঙ্গের সমস্ত স্তরের সরকারি কর্মচারীবৃন্দ একত্রিত হবেন। এই সভার মূল উদ্দেশ্য হল কর্মচারীদের মধ্যে কর্তব্যপরায়ণতা, সুশৃঙ্খলতা এবং নিঃস্বার্থ দেশসেবার আদর্শ আরও সুদৃঢ় করা। আমরা সরকারি পরিষেবা প্রদানকে নিছক পেশা নয়, বরং 'কর্মযোগ' এবং 'রাষ্ট্র নির্মাণ'-এর এক অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে বিবেচনা করি। কর্মচারীদের মধ্যে এই বৌদ্ধিক বিকাশ, চরিত্র নির্মাণ এবং সামাজিক সমরসতার (Social Harmony) বাতাবরণ তৈরি করাই আমাদের এই প্রশিক্ষণ শিবিরের প্রধান লক্ষ্য। এই সভায় কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং পারস্পরিক মেলবন্ধনের উদ্দেশ্যে নির্দিষ্ট প্রশিক্ষণ ও নিবিড় আলোচনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

বিশেষভাবে উল্লেখ্য যে, পশ্চিমবঙ্গ রাজ্য পরিচালন এর সাথে যুক্ত উচ্চ পর্যায়ের অতিথিবর্গ এই শিবিরে আগমনের জন্য আগ্রহ প্রদর্শন করেছেন। তাঁদের গৌরবময় উপস্থিতি আমাদের এই জাতীয়তাবাদী ও সমাজকল্যাণমূলক প্রয়াসকে বিশেষভাবে অনুপ্রাণিত করবে। এছাড়াও আমাদের এই চিন্তাধারাকে মার্গদর্শন করার জন্য উক্ত সভায় রাজ্যের বিভিন্ন ক্ষেত্রের প্রথিতযশা ও নিঃস্বার্থ সমাজসেবকগণ উপস্থিত থাকতে সম্মত হয়েছেন।

এইরূপ এক সুশৃঙ্খল, দেশাত্মবোধক এবং বৃহত্তর সামাজিক কল্যাণমূলক সমাগমের জন্য আপনার পৌরসভা অধীনস্থ 'জয় হিন্দ অভিটোরিয়াম'-টিকে আমরা সর্বাধিক উপযুক্ত ও গৌরবময় বলে মনে করি।

অতএব, বিনীত অনুরোধ, আগামী ২৮শে জুন, ২০২৬ তারিখে সকাল ১১টা থেকে আমাদের এই গুরুত্বপূর্ণ কর্মসূচির সফল রূপায়ণের জন্য উক্ত অভিটোরিয়ামটি বরাদ্দ করে বাধিত করবেন। আমরা দায়িত্বসহকারে প্রতিশ্রুতি দিচ্ছি যে, আমাদের সুশৃঙ্খল সদস্যদের দ্বারা পৌরসভার সমস্ত নিয়মকানুন, অভিটোরিয়ামের পরিচ্ছন্নতা এবং পবিত্রতা কঠোরভাবে বজায় রাখা হবে।

ধন্যবাদান্তে,

ডাঃ সৌমিত্র রায়

সভাপতি

রাষ্ট্রীয় কর্মচারী সেবা ভারতী (RKSB)